

১.০ ভূমিকা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের অধীন উপজেলা পরিষদ, জেলা পরিষদ এবং পৌরসভার ১৯৯৯-২০০০ ও পূর্ববর্তী সনের হিসাবের উপর বাৎসরিক নিরীক্ষা কার্যক্রম গৃহীত হয় এবং ১৮/৮/২০০০ তারিখ হইতে ২১/১২/২০০০ তারিখ পর্যন্তসময়ে নিরীক্ষা কার্যক্রম পরিচালিত হয়। উল্লেখ্য যে, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের অধীন উপজেলা পরিষদ, জেলা পরিষদ ও পৌরসভা ইত্যাদি প্রতিষ্ঠানসমূহের জুন/২০০০ তারিখে সমাপ্ত অর্থ বৎসরের হিসাব নিরীক্ষা কাজ ডিসেম্বর/২০০০ এর মধ্যে সমাপ্তকরণের উদ্দেশ্যে অডিট রিপোর্ট প্রণয়ন করার সিদ্ধান্তগৃহীত হওয়ায় স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তর কর্তৃক যথারীতি নিরীক্ষা কার্যক্রম পরিচালিত হয়।

নিরীক্ষায় পরিলক্ষিত গুরুতর আর্থিক অনিয়মসমূহকে ৩/১২/২০০০ হইতে ১৭/১/২০০১ তারিখ পর্যন্তসময়ে অগ্রিম অনুচ্ছেদ হিসাবে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের সচিব বরাবর প্রেরণ করা হয় এবং ১১/১২/২০০০ হইতে ২৫/১/২০০১ তারিখের মধ্যে তাগিদপত্র প্রেরণ করা হইলেও কোন নিষ্পত্তিমূলক জবাব পাওয়া যায় নাই। সর্বশেষ ব্যবস্থা হিসাবে ৩১/১/২০০০ ও ১২/২/২০০১ তারিখে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের সচিব এর নিকট একটি আধা-সরকারী পত্র প্রেরণ করা হয়। যথাসময়ে কোন জবাব না পাওয়ায় উত্থাপিত গুরুতর আর্থিক অনিয়মসমূহকে এই রিপোর্টে অন্তর্ভুক্ত করা হইয়াছে।